



উপজেলা পরিক্রমা

আলম ডাঙ্গা

আলমডাঙ্গা (চুয়াডাঙ্গা), ২১ মার্চ (সংবাদদাতা)।— চুয়াডাঙ্গা জেলার সর্ববৃহৎ উপজেলা আলম ডাঙ্গা। চুয়াডাঙ্গা শহর থেকে ২২ মাইল দূরে আলমডাঙ্গা উপজেলা। ১৯৮২ সালের ১৫ ডিসেম্বর আলমডাঙ্গা থানাকে উপজেলায় উন্নীত করা হয়। এ উপজেলার আয়তন ১শ' ৩৫ ক্রোমাইল। ১২টি ইউনিয়ন, ১শ' ৮৯টি গ্রাম। লোকসংখ্যা ২ লাখ ২ হাজার ৯০ জন। এর মধ্যে পুরুষ ১ লাখ ৪ হাজার ৩শ' ৩০ জন ও মহিলা ৯৭ হাজার ৭শ' ৬০ জন। জমি ৮৫ হাজার ১শ' ২০ একর। শতকরা ৮০ জন লোক কৃষির উপর নির্ভরশীল।

যোগাযোগ

উপজেলা হবার পর যোগাযোগের কোন উন্নতি হয়নি। উপজেলা সদরের সাথে ১২টি ইউনিয়নের মধ্যে ১০টির ভাল রাস্তা নেই। সড়ক পথে বাসগুলো নিয়মিত চলাচল করে না। ফলে যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হয়। এই উপজেলাতে পাকা রাস্তা ৭৭ মাইল, কাঁচা রাস্তা ৩শ' ৪৬ মাইল ও রেলপথ ৫ মাইল।

কৃষি

উপজেলার শতকরা ৮০ জন লোক

কৃষিজীবী। এখানে কৃষি পণ্যের মধ্যে জন্মে ধান, পাট, তামাক, ইক্ষু ও সরিষা। আবাদী জমির পরিমাণ ৫৯ হাজার ৮শ' ১০ একর। অন্যবাদী জমির পরিমাণ ২ হাজার ৬শ' ৬০ একর। কৃষিজীবী পরিবারের সংখ্যা ২৪ হাজার ৭শ' ২৪। সময় মত সেচের অভাবে কৃষকরা সেচ সুবিধা থেকে বঞ্চিত।

শিক্ষা

উপজেলার শিক্ষার হার শতকরা ১৮ জন। এখানে আছে ১টি কলেজ, ১৫টি উচ্চ বিদ্যালয়, ৭৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩টি দাখিল মাদ্রাসা, ৩টি ফোরকানিয়া মাদ্রাসা, ১টি প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র। প্রয়োজনীয় শিক্ষকের অভাব ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ক্রমে প্র্যাকটিক্যাল ক্লাস করার প্রয়োজনীয় জিনিসপত্রের অভাব শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান।

হাট-বাজার

উপজেলায় মোট ১৮ থেকে ২০টা হাট-বাজার আছে। মুলিগঞ্জ পশুহাট বাংলাদেশের বৃহত্তম হাট। এখানে বার্ষিক রাজস্ব আয় করে কয়েক লাখ টাকা। হাট-বাজারগুলোতে পানীয় জলের সমস্যা রয়েছে।